

■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৪৭৫

১৩/ বিচার ও বিধান (الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৭৮. সরকারীভাবে নদী-নালা ও পানির প্রস্তবণ জায়গিরুন্ধপে দান করা

بَابِ إِقْطَاعِ الْأَنْهَارِ وَالْعُيُونِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي عُمَرَ الْعَدَنِيُّ، حَدَّثَنَا فَرَجُ بْنُ عَلْقَمَةَ بْنِ سَعِيدٍ بْنِ أَبِي يَضْرِبَ بْنِ حَمَّالٍ، حَدَّثَنِي عَمِّي، ثَابِتُ بْنُ سَعِيدٍ بْنِ أَبِي يَضْرِبَ بْنِ حَمَّالٍ عَنْ أَبِيهِ، سَعِيدٌ عَنْ أَبِيهِ، أَبِي يَضْرِبَ بْنِ حَمَّالٍ . أَنَّهُ اسْتَقْطَعَ الْمِلْحَ الَّذِي يُقَالُ لَهُ مِلْحٌ سَدٌّ مَأْرُوبٌ . فَأَقْطَعَهُ لَهُ ثُمَّ إِنَّ الْأَقْرَعَ بْنَ حَابِسٍ التَّمِيمِيَّ أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي قَدْ وَرَدْتُ الْمِلْحَ فِي الْجَاهِلِيَّةِ وَهُوَ بِأَرْضِ لَيْسَ بِهَا مَاءٌ وَمَنْ وَرَدَهُ أَخَذَهُ وَهُوَ مِثْلُ الْمَاءِ الْعِدِّ . فَاسْتَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبِي يَضْرِبَ بْنِ حَمَّالٍ فِي قَطِيعَتِهِ فِي الْمِلْحِ " هُوَ مِنْكَ صَدَقَةٌ وَهُوَ مِثْلُ الْمَاءِ الْعِدِّ مَنْ وَرَدَهُ أَخَذَهُ " . قَالَ فَرَجٌ وَهُوَ الْيَوْمَ عَلَى ذَلِكَ مَنْ وَرَدَهُ أَخَذَهُ . قَالَ فَقَطَعَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْضاً وَنَخْلًا بِالْجُرْفِ جُرْفِ مُرَادٍ مَكَانَهُ حِينَ أَقَالَهُ مِنْهُ .

বাংলা

১/২৪৭৫। আবয়াদ ইবনে হাম্মাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি সাদ মারিব নামক লবণ খনিটি জায়গিরুন্ধপে প্রার্থনা করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সেটি জায়গিরুন্ধপে দান করলেন। অতঃপর আকরা ইবনে হাবিস আত-তামীমী (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলেন, ইয়া রাসূলুল্লাহ! জাহিলী যুগে আমি লবণের খনিটিতে গিয়েছিলাম। ঐ এলাকায় কোন পানি নাই। যে ব্যক্তিই সেখানে যায় সে-ই কিছু লবণ সংগ্রহ করে নেয়। তা প্রবাহিত পানির মতই পর্যাপ্ত। (এ কথা শুনে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবয়াদ বিন হাম্মালের নিকট লবণের চুক্তির প্রত্যাহার চাইলেন। আবয়াদ ইবনে হাম্মাল বলেন, আমি আপনার সাথে চুক্তি রদ করতে প্রস্তুত এই শর্তে যে, সেটিকে আপনি আমার পক্ষ থেকে দানুন্ধপে গণ্য করবেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তা তোমার পক্ষ থেকে দান হিসাবেই গণ্য হবে। আর তা

প্রবহমান পানির ন্যায়, যে-ই সেখানে যাবে তা নিতে পারবে।

অধস্তন রাবী ফারাজ ইবনে সাউদ (রাঃ) বলেন, স্টো বর্তমানেও সেভাবেই আছে। যে-ই সেখানে যায়, সে তা থেকে সংগ্রহ করে। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার থেকে সেটি ফেরত নেয়ার বিনিময়ে তাকে জুরুফ মুরাদ নামক স্থানের এক খন্দ কৃষিভূমি ও একটি খেজুর বাগান জায়িগিররূপে দান করেন।

English

It was narrated from Abyad bin Hammal:

That he asked for a salt flat called the Ma'rib Dam to be given to him, and it was given to him. Then Aqra bin Habis At-Tamimi came to the Messenger of Allah (ﷺ) and said: "O Messenger of Allah (ﷺ), I used to come to the salt flat during the Ignorance period and it was in a land in which there was no water, and whoever came to it took from it. It was (plentiful) like flowing water." So the Messenger of Allah (ﷺ) asked Abyad bin Hammal to give back his share of the salt flat. He said: "I give it to you on the basis that you make it charity given by me." The Messenger of Allah said: "It is a charity from you, and it is like flowing water, whoever comes to it may take from it." (One of the narrators) Faraj said: "That is how it is today, whoever comes to it takes from it." He said: "The Prophet (ﷺ) gave him land and palm trees in Jurf Murad instead, when he took back the salt flat from him."

ফুটনোট

তিরমিয়ী ১৩৮০, আবু দাউদ ৩০৬৪, দারেমী ২৬০৮, আত-তালীকু আলার রাওদাতিন নাদিয়্যাহ ২/১৩৭।

তাহকীক আলবানীঃ হাসান।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবইয়ায ইবনু হাম্মাল মারিবী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43091>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন